সমকাল

দুশ্চিন্তায় ২০ লাখ জেএসসি জেডিসি পরীক্ষার্থী

৪ নভেম্বর পরীক্ষা শুরু, রাজনৈতিক সহিংসতার আশঙ্কা

■ সাব্বির নেওয়াজ

দুশ্চিন্তায় পড়েছেন অষ্টম শ্রেণীতে পড়ুয়া সারাদেশের ২০ লাখ পরীক্ষার্থী ও তাদের অভিভাবকরা। আগামী ৪ নভেম্বর শুরু হচ্ছে ২০১৩ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা। প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত ওই পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। বর্তমানে রাত জেগে এ দুটি পরীক্ষার প্রস্তুতি নিচ্ছে সারাদেশের কিশোর-কিশোরীরা। তবে পরীক্ষাকালীন রাজনৈতিক হট্টগোলের শঙ্কা ভর করেছে তাদের মনে। অভিভাবক ও শিক্ষকরাও পড়েছেন দুর্ভাবনায়।

জানা গেছে, ২৪ অক্টোবরের পর দেশের রাজনৈতিক অবস্থা ও তাকে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির আশঙ্কা রয়েছে সাধারণ মানুষের মনে। এ ছাড়া হরতাল, অবরোধসহ জ্বালাও-পোড়াও কর্মসূচি ঘোষণা করতে পারে বিভিন্ন রাজনৈতিক দল।

প্রধান বিরোধী দল বিএনপি নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের দাবিতে ২৪ অক্টোবরের পর থেকে লাগাতার হরতাল, অবরোধ, অসহযোগ আন্দোলনের হুমকি দিয়ে যাচ্ছে। এদিকে, শিক্ষকদের বিভিন্ন দাবি নিয়ে ২৩ অক্টোবর শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের উদ্যোগে রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে মহাসমাবেশ ডাকা হয়েছে। ওই মহাসমাবেশে বিরোধীদলীয় নেতা খালেদা জিয়া প্রধান অতিথি হিসেবে যোগ দেবেন। তিনি পরদিন রাজধানীতে সম্মিলিত পেশাজীবী পরিষদের কনভেনশন ও ২৬ অক্টোবর সুপ্রিম

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

দুশ্চিন্তায় ২০ লাখ জেএসসি-জেডিসি

[তৃতীয় পৃষ্ঠার পর]

কোর্ট প্রাঙ্গণে আইনজীবীদের মহাসমাবেশেও যোগ দেবেন। বিএনপি সূত্রে জানা গেছে, নভেম্বর মাসজুড়েই বিভিন্ন আন্দোলন-কর্মসূচি পালন করবে দলটি। এতে জেএসসি-জেডিসি পরীক্ষা বিঘ্নিত হওয়ার সমূহ আশঙ্কা রয়েছে।

ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান এ ব্যাপারে সমকালকে জানান, এসএসসি বা এইচএসসির মতো পাবলিক পরীক্ষা দুই মাসব্যাপী অনুষ্ঠিত হয়। এতে কোনো পরীক্ষা বিঘ্নিত হলে শুক্র বা শনিবার সে পরীক্ষা নেওয়ার সুযোগ থাকে। তবে জেএসসি ও জেডিসি পরীক্ষা মাত্র ১১ দিনের ভেতরে নিতে হয়। এ সময়ে মাত্র একটি শুক্র ও শনিবার রয়েছে। এ ছাড়া প্রায় ২০ লাখ পরীক্ষার্থীর খাতা মূল্যায়ন, ফল প্রস্তুত ও প্রকাশ করে ৩১ ডিসেম্বরের মধ্যে শিক্ষার্থীদের নতুন শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া শেষ করতে হয়। ১ জানুয়ারি থেকে নবম শ্রেণীর ক্লাস শুরু। সে কারণে এ দুটি পরীক্ষা রুটিন মাফিক না হতে পারলে শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হবে।

পরীক্ষার সময়সূচি অনুসারে জেএসসির প্রথম দিন ৪ নভেম্বর সোমবার বাংলা প্রথম পত্র পরীক্ষা অনুষ্ঠিত হবে। একদিন বিরতি দিয়ে অনুষ্ঠিত হবে ৬ নভেম্বর বাংলা দ্বিতীয় পত্র, ৭ নভেম্বর ইংরেজি প্রথম পত্র, ১০ নভেম্বর ইংরেজি দ্বিতীয় পত্র, ১১ নভেম্বর বিজ্ঞান/সাধারণ বিজ্ঞান, ১২ নভেম্বর ইসলাম ও নৈতিক শিক্ষা/হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা/বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা/খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা, ১৩ নভেম্বর শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, ১৭ নভেম্বর গণিত/সাধারণ গণিত, ১৮ নভেম্বর বাংলাদেশ ও বিশ্বপরিচয়, ১৯ নভেম্বর কৃষি শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান/গার্হস্থ্য অর্থনীতি/আরবি/সংস্কৃত/পালি পরীক্ষা। ২০ নভেম্বর চারু ও কারুকলা বিষয়ের পরীক্ষা বিকেল ২টায় অনুষ্ঠিত হবে।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মো. নাজমুল হুদা জানান, জেডিসি পরীক্ষার প্রথম দিন ৪ নভেম্বর সোমবার কোরআন মাজিদ ও তাজবিদ, ৬ নভেম্বর আরবি প্রথম পত্র, ৭ নভেম্বর আরবি দ্বিতীয় পত্র, ১০ নভেম্বর ইংরেজি (শুধু অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য)/ইংরেজি প্রথম পত্র, ১১ নভেম্বর ইংরেজি দ্বিতীয় পত্র, ১২ নভেম্বর বাংলা সাহিত্য (শুধু অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য)/বাংলা প্রথম পত্র, ১৩ নভেম্বর বাংলা দ্বিতীয় পত্র, ১৬ নভেম্বর সাধারণ গণিত, ১৭ নভেম্বর সাধারণ বিজ্ঞান, ১৮ নভেম্বর সামাজিক বিজ্ঞান, ১৯ নভেম্বর আত-তাওহিদ ওয়াল্লফিকহ (শুধু অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য)/আকাইদ ও ফিকহ পরীক্ষা অনুষ্ঠিত হবে।